৫১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পরশুরাম, ফেনী
parshuram.feni.gov.bd

**আসন্ন ঈদ-উল ফিতর/২০২৪ উদযাপন উপলক্ষে ঈদগাহ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ আফরোজা হাবিব শাপলা, উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী
সভার স্থান ঃ উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়তন, পরশুরাম, ফেনী
তারিখ ও সময় ঃ ০৪ এপ্রিল ২০২৪, বেলা ১০.৩০ ঘটিকা
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' তে সংযোজন করা হলো

উপস্থিত সকল সদস্যকে আসন্ন পবিত্র ঈদ-উল ফিতর এর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর ঈদ-উল ফিতর ২০২৪ উদযাপন বিষয়ে উপস্থিত সম্মানিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। চাঁদ দেখার ভিত্তিতে পবিত্র ঈদ-উল ফিতর ২০২৪ উদযাপিত হবে। প্রতি বছরের ন্যায় এ বছরও পবিত্র ঈদ-উল ফিতর যথাযোগ্য মর্যাদায় ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের মাধ্যমে উদযাপনের নিমিত্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১। ঈদের দিন সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থার ভবনসমূহ ও দোকানপাটে জাতীয় পতাকা উত্তোলন।

২। ঈদের প্রধান জামাত যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠানের নিমিত্ত উপজেলা পরিষদ চত্বরের জায়গা খালি না থাকায় ঈদের প্রধান জামাত ঈদের দিন সকাল ৮.০০ ঘটিকায় পরশুরাম সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। প্রাকৃতিক দুর্যোগ/বৃষ্টি হলে বিকল্প ব্যবস্থা হিসেবে সকাল ৮.০০ ঘটিকায় প্রথম জামাত পরশুরাম উপজেলা পরিষদ জামে মসজিদে অনুষ্ঠিত হবে এবং দ্বিতীয় জামাত ৮.৩০ ঘটিকায় পরশুরাম কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত হবে। সকল মসজিদসমূহকে স্ব স্ব জামে মসজিদে ঈদের জামাত আয়োজন না করে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত ঈদের প্রধান জামাতে অংশগ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরশুরাম সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় মাঠ এবং মসজিদের চার পাশ পরিস্কার-পরিচ্ছন্নতা, প্রধান গেইট নির্মাণ, প্রয়োজনে মাইক সরবরাহ ও সাজসজ্জা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ব্যবস্থাপনা কমিটি ও মেয়র, পরশুরাম পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। পরশুরাম বাজার হতে ঈদগাহ মাঠ পর্যন্ত রাস্তার দুই পাশে জাতীয় পতাকা ও ঈদ মোবারক খচিত পতাকা দ্বারা সজ্জিত করণ এবং ঈদগাহে প্রবেশ পথে একটি তোরণ নির্মাণের নিমিত্ত মেয়র, পরশুরাম পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পবিত্র ঈদ উল ফিতর পরশুরাম কেন্দ্রীয় জামে মসজিদের খতিব/উপজেলা পরিষদ জামে মসজিদের খতিব ঈদের প্রধান জামাত পরিচালনা করবেন। তাদের অনুপস্থিতিতে পরশুরাম উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম ঈদের প্রধান জামাত পরিচালনা করবেন।

৬। পরশুরাম মডেল থানা মসজিদের সম্মানীত খতিব সাহেব পবিত্র ঈদ-উল-ফিতর এর মর্যাদা, তাৎপর্য বিষয়ে বিস্তারিত আলোচনা করবেন।

৭। পবিত্র ঈদ-উল-ফিতরের ঈদের প্রধান জামাত হতে উত্তোলিত সম্মানি আনুপাতিক হারে সংশ্লিষ্ট সকল ইমাম ও মুয়াজ্জিনদের মাঝে বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। ঈদের দিন হাসপাতাল ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। এ ব্যপারে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা অফিসার এবং সংশ্লিষ্ট এতিমখানা প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯। অফিসার ইনচার্জ,পরশুরাম মডেল থানা আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি,পরশুরাম ঈদের জামাত পরিচালনার সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। পবিত্র ঈদ-উল-ফিতরের প্রধান জামাত পরশুরাম সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। প্রাকৃতিক দুর্যোগ/বৃষ্টি হলে বিকল্প ব্যবস্থা হিসেবে উপজেলা পরিষদ জামে মসজিদ এবং পরশুরাম কেন্দ্রীয় জামে মসজিদে ঈদের প্রধান জামাত অনুষ্ঠানের বিষয়ে ব্যাপক প্রচারের জন্য মেয়র, পরশুরাম পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

১২। ইউনিয়নসমূহেও ঈদের জামাত সুষ্ঠ ও সুন্দরভাবে আয়োজনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

১৩। পবিত্র ঈদ-উল ফিতর উদযাপন ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী | উপদেষ্টা |
| ২। উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী | আহবায়ক |
| ৩। সহকারী কমিশনার (ভূমি), পরশুরাম, ফেনী | সদস্য |
| ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৫। অফিসার ইন চার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী | সদস্য |

৬। অধ্যক্ষ, পরশুরাম ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, পরশুরাম, ফেনী — সদস্য
৭। জনাব এনামুল হক এনাম, ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী — সদস্য
৮। সম্পাদক, পরশুরাম উপজেলা পরিষদ জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
৯। সম্পাদক, পরশুরাম কেন্দ্রীয় জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১০। খতিব, পরশুরাম উপজেলা পরিষদ জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১১। খতিব, পরশুরাম মডেল থানা জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১২। খতিব, পরশুরাম কেন্দ্রীয় জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১৩। ইমাম, পরশুরাম সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১৪। জনাব হাফেজ মোঃ দেলোয়ার হোসেন, ইমাম, পরশুরাম সরকারি কলেজ জামে মসজিদ পরশুরাম,ফেনী — সদস্য
১৫। ইমাম, বায়তুল আমান জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১৬। ইমাম, দারুল আমান জামে মসজিদ, পরশুরাম, ফেনী — সদস্য
১৭। মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী — সদস্য সচিব

১৪। **পবিত্র ঈদ-উল ফিতর উদযাপন উপ-কমিটি নিম্নরূপঃ**

১। অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী — আহবায়ক
২। জনাব মোঃ ইয়াছিন শরীফ মজুমদার — সদস্য
৩। জনাব আমিনুল করিম মজুমদার (আমিন) — সদস্য
৪। জনাব মোহাম্মদ উল্লাহ্ — সদস্য
৫। জনাব সালেহ আহাম্মদ চৌধুরী সুজন — সদস্য
৬। জনাব মির হোসেন মজুমদার, সভাপতি, পরশুরাম উঃ পশ্চিম অনন্তপুর পুকুর পাড় জামে মসজিদ — সদস্য
৭। জনাব লোকমানুজ্জামান আল আজাদ — সদস্য
৮। জনাব আতাউর রহমান নবী — সদস্য
৯। জনাব আলমগীর হোসেন বাদশা — সদস্য

অতঃপর সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে পবিত্র ঈদ-উল ফিতর এর অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০৪/২৪


আফরোজা হাবিব শাপলা
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী
ফোনঃ ০২৩৩৪৪৭৫৯০২
ইমেইল: parashuram.uno@gmail.com


স্মারক নং- ০৫.২০.৩০৫১.০০১.১৮.০৬৯.২৪- ৩৬৬ — তারিখঃ ২১ চৈত্র ১৪৩০ / ০৪ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১. জেলা প্রশাসক, ফেনী
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
৩. সহকারী কমিশনার (ভূমি), পরশুরাম, ফেনী
৪. মেয়র, পরশুরাম পৌরসভা, ফেনী
৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
৬. অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা পরশুরাম, ফেনী
৭. উপজেলা.................................................................. পরশুরাম, ফেনী
৮. ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, পরশুরাম, ফেনী
৯. চেয়ারম্যান, মির্জানগর/চিথলিয়া/বক্সমাহমুদ ইউনিয়ন পরিষদ, পরশুরাম, ফেনী
১০. খতিব/ইমাম..........................................................................................
১১. জনাব..........................................................................
১২. অফিস কপি

০৪/০৪/২৪

উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী